

জিতেন্দ্র কুমার সিন্ধা, আই এ এম
মুখ্য সচিব
Jitendra Kumar Sinha, IAS
Chief Secretary



শুভম কলম
ONE EARTH - ONE FAMILY - ONE FUTURE

ত্রিপুরা সরকার
সচিবালয়, নতুন কাপিতল কমপ্লেক্স
স্মারকসং-799010, ত্রিপুরা
GOVERNMENT OF TRIPURA
Secretariat, New Capital Complex
Agartala-799010, Tripura

৫২-তম জাতীয় সুরক্ষা দিবস ও জাতীয় সুরক্ষা সপ্তাহ

উপলক্ষে মাননীয় মুখ্যসচিবের বার্তা

সারা দেশের সাথে ত্রিপুরাতেও ৫২-তম জাতীয় সুরক্ষা দিবস, ২০২৩ (৪ঠা মার্চ) ও জাতীয় সুরক্ষা সপ্তাহ, ২০২৩ (৪ঠা ১০ই মার্চ) প্রতিপালিত হচ্ছে।

কল-কারখানায় দুর্ঘটনার ফলে ব্যক্তি-জীবনে, নিজের পরিবারে ও সংশ্লিষ্ট শিল্পক্ষেত্রে যেমন ক্ষতি হয়, তেমন ক্ষতিগ্রস্ত হয় পরিবেশ, জাতীয় অগ্রগতি ও সমৃদ্ধি। তাই শিল্পক্ষেত্রে যে কোনও ধরনের দুর্ঘটনা রোধে প্রয়োজনীয় সুরক্ষা-ব্যবস্থা অবলম্বন আবশ্যিক। উৎপাদন প্রক্রিয়ায় যুক্ত কল- কারখানায় শ্রমিক-মালিক সকলকেই দুর্ঘটনা সম্পর্কে সচেতন ও সতর্ক থাকতে হবে এবং সুরক্ষা-বিধি কঠোরভাবে মেনে চলতে হবে।

শিল্পক্ষেত্রে অবাঞ্ছিত দুর্ঘটনা এড়াতে সংশ্লিষ্ট সকলে যেমন সচেতন হবেন, তেমনই অন্যদেরকেও সচেতন হতে সাহায্য করবেন বলে প্রত্যাশা। দুর্ঘটনা প্রতিরোধে রাজ্য সরকারের ফ্যাক্টরীজ এন্ড বয়লাস্, অর্গানাইজেশন কর্তৃক বিভিন্ন সময়ে জারি করা সুরক্ষা-সংক্রান্ত নির্দেশাবলী সঠিকভাবে অনুসরণ ও রূপায়ন করা হচ্ছে কিনা তা প্রতিনিয়ত কারখানা কর্তৃপক্ষকে নজরদারিতে রাখতে হবে। একই সাথে দুর্ঘটনা এড়াতে সংশ্লিষ্ট সকলকে সুরক্ষা বিধি মেনে চলার আন্তরিক আহ্বান জানাচ্ছি।

ICA-D-2110-2023

শ্রী. কে. সিন্ধা
মুখ্যসচিব
ত্রিপুরা সরকার

अभिषेक सिंह, आई.ए.एस
Abhishek Singh, IAS



सत्यमेव जयते



शुद्ध धर्म
ONE EARTH - ONE FAMILY - ONE FUTURE

सचिव
लोक निर्माण विभाग (डेवलपमेंट एंडिंग),
ग्राम विभाग, शहरी विकास विभाग,
कामकाय प्रशासन (ए.आर) विभाग
त्रिपुरा सरकार

Secretary
Public Works, Department (including
DWS), Urban Development, Labour
& GA(AR) Department
Government of Tripura

५२-तम जातीय सुरक्षा दिवस ও জাতীয় সুরক্ষা সপ্তাহ উপলক্ষে শ্রম সচিবের বার্তা

সুরক্ষা সর্বপ্রথম কর্মক্ষেত্রে সুরক্ষা সচেতনতা তৈরী এবং নিরাপদে কাজ করার প্রতিশ্রুতি নিয়ে সারাদেশের সাথে ত্রিপুরার সব কল-কারখানা গুলোতেও আজ ৪ঠা মার্চ, ২০ ইং ৫২- জাতীয় সুরক্ষা দিবস এবং ৩ঠা থেকে ১০ই মার্চ, ২০২৩ ইং জাতীয় সুরক্ষা সপ্তাহ পালনের জন্য ত্রিপুরা সরকার যথাযথ উদ্যোগ নিয়েছে। এটা দেখা গেছে যে সুরক্ষা নিয়ম বিধি যথাযথ ভাবে পালন না করার ফলে এবং সুরক্ষা সচেতনতার অভাবের কারণে বিভিন্ন কল-কারখানায় কর্মরত শ্রমিক ভাই বোনেরা দুর্ঘটনার সম্মুখীন হন, এমনকি জীবনহানিও ঘটে এবং জাতীয় সম্পত্তি ও পরিবেশের প্রভূত ক্ষতি সাধন হয়। তাই দুর্ঘটনা রোধে ত্রিপুরা সরকারের ফ্যাক্টরীজ ও বয়লার্স দপ্তর কর্তৃক সপ্তাহব্যাপী বিভিন্ন কল- কারখানায় বিশেষ সুরক্ষা সচেতনতামূলক প্রচার চালানো হবে। শিল্প সম্প্রসারণের পাশাপাশি কল- কারখানাতে দুর্ঘটনা প্রতিরোধ করার জন্যও আমাদের সতর্ক থাকতে হবে।

শিল্পক্ষেত্রে যে কোন ধরনের দুর্ঘটনা রোধে রাজ্য সরকার সুরক্ষা ব্যবস্থার উপর বিশেষ জোর দিচ্ছে। আমাদের মনে রাখতে হবে, যে কোনো দুর্ঘটনায় ব্যক্তি, পরিবার, সমাজ এবং দেশ-সবাইই ক্ষতি হয়। একমাত্র সচেতনতাই দুর্ঘটনা রোধের চাবিকাঠি হতে পারে। আর সচেতনতা শুরু করতে হবে। বিভিন্ন নিয়মাবলী কঠোর ভাবে পালনের মাধ্যমে, স্বউদ্দ্যোগে। ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম পরিধান, বিধিনিষেধ পালন এবং অন্যদের সচেতন করার লক্ষ্যে সকলের এগিয়ে আসতে হবে।

রাজ্য সরকারের ফ্যাক্টরীজ ও বয়লার্স দপ্তর কর্তৃক সুরক্ষা-সংক্রান্ত আইনগুলির সঠিক প্রয়োগের পাশাপাশি সুরক্ষা নিয়ম-বিধি সুষ্ঠুভাবে মেনে চলার জন্য আমি কারখানার শ্রমিক মালিক এবং বিভিন্ন সংগঠনের সকলের কাছে আবেদন জানাচ্ছি। শিল্পক্ষেত্রে সুরক্ষা সুনিশ্চিত করতে রাজ্য সরকারের ফ্যাক্টরীজ এন্ড বয়লার্স অর্গানাইজেশনের সঙ্গে সার্বিক সহযোগিতা করারও আহ্বান জানাচ্ছি।

অভিষেক সিং
সচিব
ত্রিপুরা সরকার

ICA-D-2109-2023

Black
Cyan Magenta